

## ২২-তম ভারত-রাশিয়া বার্ষিক সম্মেলনে অংশগ্রহণের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী মস্কোয় পৌঁছেছেন

জুলাই 08, 2024

প্রধানমন্ত্রী শ্রীনন্দ্র মোদী আজ একটি সরকারি সফরে অংশগ্রহণের উদ্দেশ্যে মস্কোতে পৌঁছেছেন। ভনুকোভো-২ বিমানবন্দরে পৌঁছানোর সঙ্গে সঙ্গেই রাশিয়ান ফেডারেশনের প্রথম উপপ্রধানমন্ত্রী মি. ডেনিস মান্তুরভ তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানিয়ে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানিয়েছেন।

২. সফরকালে প্রধানমন্ত্রী রাশিয়ার প্রেসিডেন্ট মহামান্য মি. ভ্লাদিমির পুতিনের সঙ্গে ২২তম ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনের সহ-সভাপতিত্ব করবেন। তিনি মস্কোতে ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গেও মতামতবিনিময় করবেন।

মস্কো

জুলাই 08, 2024